# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/নেত্রকোনা-৪১/ ২০

তারিখ: ১৪ বৈশাখ১৪৩২ / ২৭ এপ্রিল২০২৫

বিষয় : মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে নেত্রকোনা জেলার সদর উপজেলাধীন জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসার সুপার হিসাবে মোহাম্মদ আলী হোছাইন-কে দায়িত্ব বুঝিয়ে দেয়া প্রসঙ্গে।

সূত্র: ১। জনাব মোহাম্মদ আলী হোছাইন এর ১২.০৪.২০২৫ইং তারিখের আবেদন;
২। স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৬৫; তারিখ: ২৪/০৩/২০২৪ খ্রি:
৩। স্মারক নং: বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/৫৮৯/৩; তারিখ: ২৬/১১/২০২৪খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহোর প্রেক্ষিতে নেত্রকোনা জেলার সদর উপজেলাধীন জামেয়া আহমাদিয়া রেজভীয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ আলী হোছাইন কে মহামান্য হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগের আদেশ অনুযায়ী স্ব-পদে দায়িত্ব পালনের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে আবেদন করেন। দাখিলকৃত আবেদনে দেখা যায়, সিনিয়র সহকারী জজ আদালত, নেত্রকোনা এর মোকাদ্দমা নং ৫৮১/২০২৩ এ রায়ের প্রেক্ষিতে সূত্রোক্ত ০২ নং স্মারকে জনাব আবুল মোত্তালিব খান ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে পত্র জারি করা হয়। সূত্রোক্ত ০৩ নং স্মারকে আপিল ও সালিশ কমিটির সভায় জনাব মোহাম্মদ আলী হোছাইন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য গঠিত কমিটি বিধি মোতাবেক হয়নি কিন্তু কোর্টের আদেশ মোতাবেক ভারপ্রাপ্ত সুপার দায়িত্ব পালন করছেন এবং কোর্টের নির্দেশনা থাকায় আপিল ও সালিশ কমিটির কোন করণীয় নেই মর্মে পত্র জারি করা হয়। সিনিয়র সহকারী জজ আদালত, নেত্রকোনায় দায়েরকৃত মোকাদ্দমা ৫৮১/২০২৩ এর আদেশের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে জনাব মোহাম্মদ আলী হোছাইন সিভিল রিভিশন মামলা ৯২০/২০২৫ দায়ের করেন। এ প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ মোকাদ্দমা ৫৮১/২০২৩ এর আদেশ ০৩ মাসের জন্য স্থগিত করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ মোকাদ্দমা ৫৮১/২০২৩ এর আদেশ ০৩ মাসের জন্য স্থগিত করায় জনাব মোহাম্মদ আলী হোছাইন সুপার পদে দায়িত্ব পালন করতে আইনগত কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়, মহামান্য হাইকোর্টের কর্তৃক অন্য কোন আদেশ না হওয়া পর্যন্ত জনাব মোহাম্মদ আলী হোছাইন জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসার সুপার হিসাবে দায়িত্ব পালন করবেন মর্মে সকল কে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭/০৪/২৫

প্রফেসর মোঃ আবদুছ ছাত্তার মিয়া
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সভাপতি/পরিচালনা কমিটি
জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসা, থানা-সদর,
নেত্রকোনা

নং-বামাশিবো/প্রশা/ নেত্রকোনা-৪১/ ২০/১(৮)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নেত্রকোনা;
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নেত্রকোনা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নেত্রকোনা;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসা, থানা-সদর, নেত্রকোনা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৭.০৪.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

C:\Users\BMEB\Desktop\LETTER.doc